গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
আইসিটি শাখা

...

সভাপতি	মোঃ আবু জাফর জেলা প্রশাসক
সভার তারিখ	২০/০৯/২০২০ খ্রিঃ
সভার সময়	বিকাল ০৩.৩০ টা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	zoom apps

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লালমনিরহাট সভায় জানান যে, ডিজিটাল বাংলাদেশ তথা রূপকল্প-২০২১ বাস্তবায়নে জনগণের দোরগোড়ায় সহজে, দ্রুত ও স্বল্প ব্যয়ে সরকারি সেবা পৌছে দেয়ার লক্ষ্যে ২০১০ সালের ১১ নভেম্বর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের ৪৫০১ টি ইউনিয়নে একযোগে উদ্বোধন করেন ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র যা বর্তমানে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) নামে পরিচিত। ডিজিটাল সেন্টারের মাধ্যমে সরকারি-বেসরকারি সেবা প্রদানকে সমৃদ্ধ ও সহজ করার লক্ষ্যে 'এক সেবা' তে উন্নীত করা হয়েছে। 'জনগণের দোরগোড়ায় সেবা' প্রদানের চলমান কাযক্রমে আরো গতিশীলতা আনা এখন সময়ের দাবি। কারণ প্রত্যেকটি গ্রামে সকল ধরণের নাগরিক সুবিধা পৌছে দেয়ার মাধ্যমে গ্রামগুলোকে শহরে রুপান্তরিত করার সুবিশাল সরকারি কর্মকান্ডের অন্যতম অনুষঙ্গ এই মাধ্যম। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	**ওয়েব পোর্টাল সংক্রান্তঃ** ইউনিয়ন পোর্টালের তথ্য বাংলা ও ইংরেজী উভয় ভাষায় হালনাগাদ করা আবশ্যক।	(ক) জেলা পর্যায়ের যেসকল অফিস সমূহের র‍্যাঙ্কিং কম, সেসকল পোর্টাল দ্রুত প্রয়োজনীয় তথ্য সমৃদ্ধ করে হালনাগাদ করতে হবে।	সহকারী প্রোগ্রামার (সকল), লালমনিরহাট উদ্যোক্তা (সকল), লালমনিরহাট।
		(খ) ইউনিয়ন ও উপজেলা পোর্টালে তথ্য বাংলা ও ইংরেজী উভয় ভাষায় হালনাগাদ করার বিষয়টি নিয়মিত মনিটরিং করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল)কে নির্দেশ দেয়া হয়। জেলা পর্যায়ে অনুষ্ঠিত সভায় সহকারী প্রোগ্রামারগণের উপস্থিত থাকতে হবে।	

০২	**ইউডিসি আয় ও সেবা প্রদানের তথ্য আপলোড সংক্রান্তঃ** ইউডিসির কার্যক্রম সচল ও বেগবান করা, এজেন্ট ব্যাংকিং সেবা প্রদান কার্যক্রম চালু করা এবং এর মাধ্যমে জনসাধারণকে উপযুক্ত সেবা প্রদান করা প্রয়োজন। কিছু কিছু ইউডিসিতে চুক্তিপত্র মোতাবেক উদ্যোক্তা নেই।	(ক) ইউডিসির কার্যক্রমকে সচল ও বেগবান রাখা এবং কার্যক্রমে আয় ও সেবাগ্রহীতার সংখ্যা বৃদ্ধি করতে হবে। ইউডিসির আয় ও সেবা প্রদানের তথ্য সার্বক্ষণিক আপডেট রাখতে হবে। ডিজিটাল সেন্টার সমুহের বাইরে ডিজিটাল সেন্টার সমূহ হতে কি কি সেবা প্রদান করা হয়, সেসকল সেবার বিজ্ঞাপন প্রদর্শনের ব্যবস্থা করতে হবে, ডিজিটাল সেন্টারের মাধ্যমে সেবা গ্রহণের সুবিধা সম্বলিত ক্যাম্পেইন করে ব্যপক প্রচারের ব্যবসথা গ্রহণ করতে হবে। এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে জনগনকে বিভিন্ন আর্থিক সুবিধা সল্প ব্যায়ে, সল্প সময়ে প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।	উদ্যোক্তা (সকল), লালমনিরহাট।
		(খ) ইউডিসি উদ্যোক্তার পদ শূন্য হওয়া মাত্র উদ্যোক্তা নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। যেসকল ডিজিটাল সেন্টারে উদ্যোক্তা পদ শূন্য রয়েছে, সেসকল ইউনিয়নের চেয়্যারম্যান গণ উদ্যোক্তা নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে চুক্তি পত্র জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করবেন।	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল ইউনিয়ন), লালমনিরহাট।
০৩	**অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহঃ** ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে পর্চার আবেদন করার জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে।	উদ্যেক্তাদের মাধ্যমে আবেদনকৃত পর্চা পেতে যাতে অতিরিক্ত সময় না লাগে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পর্চার আবেদন গ্রহণ করে হার্ডকপি অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এঁর নিকট প্রেরণ করতে হবে। গৃহীত আবেদনের ধরণ ও ক্রমানুযায়ী পর্চা দ্রুত বিতরণ করতে হবে। (খ) অনলাইনে প্রেরীত পর্চার কপি দ্বারা দাপ্তরিক কার্যক্রম নির্বাহ করা যাবে কিনা, পর্চায় অটো-জেনারেট স্বাক্ষর সিস্টেম চালু করার ব্যাপারে বিশেষজ্ঞ কর্তৃক পরামর্শ গ্রহণ করতে হবে।	রেভিনিউ ডেপুটি কালেক্টর , ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ডরুম, লালমনিরহাট, উদ্যোক্তা (সকল)
০৪	**জন্ম নিবন্ধন সংক্রান্ত :** জন্ম নিবন্ধনের হার বৃদ্ধি করতে হবে।	জন্ম নিবন্ধন শত ভাগ করতে হবে। যেসকল ইউনিয়নে জন্ম নিবন্ধন করা যাচ্ছে না সেসকল ইউনিয়ন সমুহের দ্রুত জন্ম নিবন্ধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সচিব, উদ্যোক্তা (সকল), লালমনিরহাট।
০৫	**333 বাস্তবায়ন সংক্রান্তঃ** ৩৩৩ এর কার্যক্রম সম্পর্কে বহুল প্রচারের জন্য ইউডিসির সামনে ফেস্টুন রাখতে হবে।	৩৩৩ কার্যক্রম সম্পর্কে বিভিন্ন মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উদ্যোক্তা (সকল), লালমনিরহাট।
০৬	**ই-মিউটেশন সংক্রান্ত :** প্রতিটি উপজেলা ভুমি অফিসে ই-মিউটেশন চালু হয়েছে। ই-মিউটেশনের আবেদন ফরম পূরণ করতে হবে।	ই-মিউটেশনের আবদেন ইউডিসি হতে করা হয়। এবিষয়ে ব্যাপক প্রচার করতে হবে। এবং ই-টেন্ডার, বিদ্যুৎবিল পরিশোধের ব্যবস্থা, ইন্টারনেট সেবা প্রদানের মাধ্যমে আয় বাড়াতে হবে। পাটগ্রাম উপজেলায় ই-নামজারী করতে বিদ্যমান সমস্যা দ্রুত নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উদ্যোক্তা (সকল), লালমনিরহাট।

পরিশেষে উপস্থিত সদস্যবৃন্দের নিকট ডিজিটাল বাংলাদেশ তথা রূপকল্প-২০২১ বাস্তবায়নে আন্তরিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আবু জাফর
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৭.৫২০০.০২৮.০১.০২২.১৯.৫০

তারিখ: ৭ আশ্বিন ১৪২৭
২২ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
৬) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
৭) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
৯) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
১০) সহকারী কমিশনার, রেকর্ড রুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
১১) প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
১২) সহকারী প্রোগ্রামার (সকল), লালমনিরহাট

মোঃ আবু জাফর
জেলা প্রশাসক